

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ৯ই নভেম্বর। - কামাল ও রণজিত হত্যাকাণ্ডের বিচারের দাবিতে ছাত্রলীগের আহ্বানে আজ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। ধর্মঘট চলাকালিন সকল ক্লাস ও পরীক্ষাসমূহ বন্ধ ছিল।

আজ সকালে কামাল ও রণজিত হত্যাকাণ্ডের বর্ষপূর্তি উপলক্ষে উপাচার্য অধ্যাপক ডঃ মুহাম্মদ হোসেন রণজিত ও কামালের স্বরণে নির্মিত স্মৃতিস্তম্ভ এবং কামাল-রণজিত মার্কেটের উদ্বোধন করেন। ছাত্রলীগ বাকুবি শাখা কামাল ও রণজিতের হত্যাকারীদের গ্রেফতার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গঠন করা তদন্ত কমিটির রিপোর্ট জনসমক্ষে প্রকাশ, হত্যাকারীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবিতে

গতকাল রাতে মাইকযোগে ক্যাম্পাসে ছাত্র ধর্মঘট আহ্বান করে।

সকালে ছাত্রলীগের সহস্রাধিক নেতা-কর্মী সমর্থক ক্যাম্পাসে শোক মিছিল করে রণজিত-কামাল স্মৃতিস্তম্ভের পাদদেশে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগ বাকুবি শাখার সভাপতি আবদুস সালাম, জিএস মিসবাহুজ্জামান চন্দন, সহ-সভাপতি আরিফ জাহাঙ্গীর, লিটু হারুন অর রশীদ, তারিক আনাম, মাসাদুল হাসান, মজনু মিয়া প্রমুখ।

গত বছর ৯ই নভেম্বর সন্ধ্যায় চা পানরত অবস্থায় সন্ত্রাসীদের এলোপাতাড়ি গুলিতে ভেটেরিনারি অনুষদের তৃতীয় পর্বের ছাত্র কামাল হোসেন ও কৃষি অনুষদের ছাত্র রণজিত কুমার সরকার নিহত হয়।